

এদিকে আজ সকালে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব মহাকরণে উপস্থিত হলে মহাকরণ কর্মচারীদের পক্ষ থেকে তাঁকে পুষ্পস্তবক দিয়ে শুভেচ্ছা জানানো হয়। মুখ্যমন্ত্রীকে তাঁর অফিসকক্ষে পুষ্পস্তবক দিয়ে শুভেচ্ছা জ্ঞাপন করেন মুখ্য সচিব সঞ্জীব রঞ্জন ও প্রধান সচিব এল কে গুপ্তা। উপ-মুখ্যমন্ত্রী যীষু দেববর্মণ সহ মন্ত্রিসভার অন্যান্য সদস্যরাও মহাকরণে এসে তাঁদের নিজ নিজ কক্ষে বসেন। উপ-মুখ্যমন্ত্রী সহ অন্যান্য মন্ত্রীরা মুখ্যমন্ত্রীর কক্ষে এসে শুভেচ্ছা বিনিময় করেন।
